



The Hong Kong Bengali Association



Durga Puja 2022



ruhaaniart

Colors of Journey

We are an art community with a primary focus on multi-medium painting. Everyone has an imagination; art takes it a step further. We use painting as a means to allow people to open their creativity to the greatest potential, to connect their memories, explore cultural topics, art therapy, and get some fun!

Art is an expression of the soul



- Art workshops
- Corporate events
- Mural paintings
- Mindful art activities
- Paintings for sale

Services



Grow in your art! Join us on Thursdays or Sundays 4-6 pm.

Online custom-designed painting courses are also available for children.

Join Us



Want to learn painting as a beginner or to polish your skills as a regular practitioner? We offer art classes of different medium - acrylic, watercolor, oil pastel, pen and pencil.

Art Classes



+852 5599 3266
(WhatsApp only)
ruhaaniart@gmail.com
Ruhaani Arts
ruhaaniart

31 High Street,
Sai Ying Pun, Hong Kong

www.ruhaaniart.com



ruhaaniart

Colors of Journey

Art is an expression of the soul



Art Workshops



Corporate Events

Mindful Art Activities



Mural Paintings



Grow in your art!

Join us on Thursdays or Sundays 4-6 pm.

Online custom-designed painting courses are also available for children.

Book Now



31 High Street,
Sai Ying Pun, Hong Kong

www.ruhaaniart.com

+852 5599 3266
(WhatsApp only)
ruhaaniart@gmail.com
Ruhaani Arts
ruhaaniart



<https://www.eastrongintl.com/>



Eastrong International Logistics Co., Ltd

Top 5 Ocean freight forwarders in the China-Oceania trade lanes

Established in 2000, Eastrong has strived to build extensive partnerships in the Asian region and internationally. Our reliable Ocean, Air, and Rail capacity, allows us to create unique logistics solutions to solve even the most complex challenges our customers face.

History & Growth



Competitive Benefits

• vs. Global Logistics Company



• vs Local Logistics Company



Contents

6	Message from the President
8	Message from the Vice President
10	HKBA Executive Committee 2022 - 2023
12	Acknowledgements
Verses & Essays	
15	- ফুটবল.. বাঙালী.. বিশ্বকাপ..HKBUFC
17	- বাঙালীর বাঙলা
19	- নারায়ণ দি গ্রেট!
27	- নৌকা বিদ্রোহ
33	- A tribute to a legend - Sri Aurobindo
37	- The Curious Case of Potato in Kolkata Biryani
43	- বিজ্ঞানের বিষয়: ব্রেন মেশিন ইন্টারফেস
47	- Memories of Faith
51	- Probashi Pujo
53	- Kabhi Alvida Na Kahena
59	- SHE
61	- Durga Pujo from the Perspective of a non-Bengali
65	- হংকং এ বাংলা
69	- পাZZলামি RAY
73	- Logitica
77	- Taken for Granted – Hong Kong's Positive Side
79	- 75th Partition Anniversary
HKBA Gallery	
81	- বাংলা ক্লাসের রবি প্রনাম
82	- Artwork by members
83	- Saraswati Pujo and Aparajito Screening
84	- Durga Pujo 2021
90	- Annual Function



Jotun Protects Property



HullKeeper is a range of services that help you make better decisions, faster.

Jotun COSCO Marine Coatings (HK) Limited
2701, Olympia Plaza, 255, Kings Road,
North Point, HongKong
www.jotun.com
Tel : +852-28611307

Navami Afternoon Bhog Seva given by

Swapan Kumar Dutta
Manjusree Dutta
Siddharth Dutta
Sharnasree Dutta



Navami Dinner is co-sponsored by

**SHANGHAI HUCHENG INTERNATIONAL
SHIPPING AGENCY LTD.**



Message from the President

Nomoshkar,

Since the Durga Puja was last celebrated in 2019 at the Indian Recreation club, Causeway Bay, after 3 years we have again returned to our "home venue" this year.

Friends, the last 3 years since 2019 have been challenging. First there was the unrest in Hong Kong, and it was immediately followed by the pandemic which started in early 2020 and has been with us till date. But the enthusiasm and the resilience of our Bengali community remains unabated, and has been nothing short of commendable. I thank all members with my heart for their unstinted support throughout the challenging times.

Despite the difficulties, the 2019 puja was celebrated in full vigor. In 2020, although initially preparations were underway for celebrating the Puja, due to the strict government regulation all plans had to be shelved and only a *ghot puja* could be conducted in the Happy Valley Temple. Even then for Ashtami HKBA sponsored a meal for all attendees, both members and non-members, and to our pleasant surprise the turnout was excellent.

Last year (2021) the Puja was celebrated at the India Club with the usual fanfare keeping in mind the Hong Kong government's strict directives regarding COVID precautions. One of our members stepped in bravely to fill the void in absence of Shakti da and the Puja could be conducted smoothly and enjoyed by all. Though some compromises were made to the usual scale of celebrations with only about 60% of members allowed to attend at any given time, the limited space and attendance restrictions could not deter the Bengali spirit in the puja enthusiasm.

Apart from the puja, our cultural committee kept churning out events like Rabindra Jayanti, Poila Boishakh etc., and all occasions were enthusiastically greeted by members with good participation. Programs were conducted by renowned Bengali artists via Zoom and You tube, and *antaksharis*, drawing competitions and Bengali classes were organized by our gifted member volunteers which all saw enthusiastic participation. We are thankful to the cultural team for the efforts and to all members for showing such interest and keeping the Bengali culture alive.


The icing on the cake was the *Bijoya sammelani* which was a cultural entertainment event of high quality put together by our talented members. The histrionics on display were indeed something to be proud of. I request all interested members to come forward and would love to see more performances like plays and dance dramas which are reminiscent of our Bengali culture being enacted in near future by our immensely gifted members.

This year too we will have to curtail the scale of celebrations to a limited degree and hold the Puja indoors, with restrictions on the number of attendees inside the hall at any given instant. However, all members will be able to attend every day.

Ma Durga will arrive this year on Gojo (elephant) and departs on Nouka (boat). These are good omens signifying that the coming years will be prosperous and bear well for all.

On this happy note, I wish you all Shubho Durga Puja.

Alok Roy



Message from the Vice President

Dear All,

Hope you are keeping well. We are all aware that Covid-19 is still around – and for us here in Hong Kong, the rules and regulations & frequent testing that we all have to comply with is taking a toll – not to forget the wearing of masks that remains mandatory in Hong Kong. However, an encouraging development has been the reduction of quarantine for inbound travelers & an increase in the options of flying to and from India. This has allowed most of us to visit our near and dear relatives in India after a span of 2 to 3 years. It has also given us hope that we might get back to full normalcy in living our lives over here by the end of this year.

It is, thus, with a definite positive frame of mind that we now gear up for this year's Durga Puja celebrations. We are back to our favorite venue – Indian Recreation Club – for celebrating the "Pujo" this year. We thank the Indian Recreation Club for their co-operation and encouragement. It is also the support and encouragement from all the members of HKBA that has given us the confidence to plan and go ahead with the arrangements this year. Although not the "Pujo" that we are accustomed to, this time we hope that we would still be getting close to the actual "Pujo" experience.

Durga Puja and the various cultural activities that usually form an integral part of the celebrations is something that all Bengalis eagerly wait for every year. Unfortunately, this time we are unable to arrange any cultural activities. We would also have to restrict the number of people who could enter the "pujo mandap" – so that we can ensure that the "Pujo" and "Pushpanjali" can be conducted in batches without contravening any local regulations set forth by the administration. However, we will have the community meals ("bhog"), and most importantly there would be enough opportunities for all to come attired in new clothes and indulge in "adda" at the venue.

Durga Puja is a festival that all Indians – not necessarily only Bengalis – are familiar with. We welcome everyone for the darshan of "Maa Durga" this year.

Let us also pray to "Maa Durga" to bless us so that we can tide over this pandemic completely and get back to a normal life soon. In these trying times, it is incredible to see how well we have bonded together as the HKBA family.

I would like to end by thanking all for supporting our efforts and decisions with the scheduled events this year and aiding the association by timely paying your yearly subscription. I also thank all our sponsors for their generous act in supporting the Durga Puja this year.

Hoping all of you have a wonderful time and wishing all a blissful "Sharadiya Shubhechha"!!!

Dipankar Mukutmoni

SAFETY IS A MINDSET

Safety can only be as effective as the person who implements it. That's why at BSM we do not only provide a strong set of rules and procedures, but also make them easy to follow. Just one example: our airline-style Project Pilot Manuals. By simplifying the instructions of established safety manuals, we ensure that rules are understandable in any situation. And since we run our LPSQ departments independently of our Ship Management Centres, we have two dedicated teams to ensure that safety standards are met 100%. More at www.bs-shipmanagement.com



Member of the SCHULTE GROUP





HKBA EXECUTIVE COMMITTEE 2022 - 2023



President
Mr. Alok Roy



Vice President
Mr. Dipankar Mukutmoni



General Secretary
Mr. Sanjay Bhattacharya



Treasurer
Mr. Rajib Panja



Advisor
Dr. Pradip Putatunda



Cultural Secretary
Mr. Rajdeep Mojumder



Committee Member
Mr. Angshujit Sinha



Committee Member
Ms. Srijita Ghosh




Committee Member
Mr. Sagnik Ganguly



Committee Member
Mr. Samrat Biswas

Contact HKBA
Web Site

mailhkba@gmail.com
www.hkbaonline.com



Special Acknowledgements

HKBA thanks the following members for their support in organizing the Pujo:

Pujo Volunteers

Anamika Dasgupta	Polly Ghosh
Anindita Bhattacharya	Pomeli Haldar
Anisha Bhaduri	Reema Sutradhar
Anjan Kundu	Satarupa De
Archana	Sathi
Bhabani Das Bowmick	Simita Talukdar
Debjani Sengupta	Smita Das Sen
Emona Roy	Sukannya Chatterjee
Ishita Bardhan	Suparna Panja
Jhoom Sengupta	Susmita Bakuly
Kanika Das	Swapan Dutta
Kavita Biswas	Swatilekha Banerjee
Madhuri Mukherjee	Tanu Ghosh
Mahashweta Majumdar	Tanushree Saha
Mayura Sinha	Moushumi Sinha
Moitrayee Ganguli	Moonmoon Basu

Decoration, Concept & Design

Chiradip De	Crowd Control
Tuhina Das	Neelabh Kumar
Richa Sengupta	Debdutta Barman
	Debjyoti Sarkar

Volunteers for Bhog

Bhabani Das Bowmick	Polly Ghosh
Kanika Das	Reema Sutradar
Kavita Biswas	Simita Talukdar
Mahashweta Majumdar	Swapan Dutta
Manjari Guha	Swatilekha Banerjee
Moonmoon Basu	Tanushree Saha
Mitali Chakraborty	Monideepa Chatterjee

Shaping a better maritime future

Happy Durga Puja!



 **ANGLO-EASTERN**

www.angloeastern.com

SHIP MANAGEMENT | CREW MANAGEMENT | TECHNICAL SERVICES | EDUCATION & TRAINING



- **Technical Service**
- **Repairs & Riding Squads**
- **JIS & DIN Marine Valves**
- **Spare Parts**
- **Ship's Spares in Transit**
- **Logistics & Warehousing Services**
- **Dedicated Shipyard Teams**
- **Container Lashing Equipment**
- **Ship Supply** (Technical Stores-Provisions-Bonded Store-Cabin Store-Medicines&Medical Store-Electric Cables)



Contact Us

+90 0232 6161719

sales@adamarine.com

www.adamarine.com



ফুটবল.. বাঙালী.. বিশ্বকাপ..HKBUFC

~শৌভিক ব্যানার্জী

২০২২ নভেম্বরে কাতারে, যুদ্ধ হবে শুরু
আরে ওটা ফুটবল খেলা, ভয় পেয়ো না গুরু!
টিভি খুললেই শুনবে সবাই, "আপ কাতার মে হো"
ক্রিকেট এখন দূর অন্ত, আইপিএল ও নো!!!

বিশ্বকাপে মাতবে তখন, বাংলা থেকে ব্রাজিল,
সারা বিশ্বের ফ্যানরা সবাই ফুটবল জ্বরে কাহিল!
অফিসে অফিসে শুরু হয়ে যাবে ওয়ার্ল্ড কাপের বেট,
উইনার, স্কোরার প্রেডিক্ট করার আলাদা আলাদা রেট!!!

কেউ জার্মানি, কেউ বা ব্রাজিল, কেউ মেসির আর্জেন্টিনা,
পেলে ভালো না বেকেনবাওয়ার, না দিয়েগো মারাদোনা!
এসব নিয়েই বাক্যবাগীশ সোশ্যাল মিডিয়ার গ্রুপ,
রাজনীতি সব চুলোয় যাবে, অর্নব ও হবে চুপ!!!



৯০ মিনিটের খেলা হলেও উত্তেজনা ভারী,
রাত জেগে দেখবো খেলা, অফিস যেতে দেবী!
বৌ বলবে কী যে দেখো ছাইপাঁশ সব খেলা,
আমরা তো কই কিছু বলিনা সিরিয়াল দেখার বেলা!!!

বাঙালীদের ফুটবল প্রেম সারা পৃথিবী জানে,
কত যজ্ঞ কত পূজো ফেভারিট টীমের নামে!
সারা জীবন ডিভাইডেড বাই মোহন বাগান ইস্ট বেঙ্গল,
এই এক মাস সবাই ইউনাইটেড বাই বিশ্বকাপ ফুটবল!!!



সুদূর দূরে হংকং-এতে কিছু বাঙালী সন্তান
চার বছর আগে শুরু করেছিল অন্য অভিযান!
হং কং বং ইউনাইটেড ফুটবল ক্লাব খুলে
নেমে পড়েছিল খেলার মাঠে তৃষ্ণা মেটাবে বলে!!!

দু-চার ম্যাচ খেলব ভেবে সবাই এসেছিল
খেলার মাঠটা সবাই কে যে আপন করে নিলো!
বাঙালী - অবাঙালী মিলে এখন ভারত-ব্যাপী ক্লাব
গ্র্যামেচার লীগে নামবে এবার এমনই হাব ভাব!!!

এত বছর পরেও খেলার ইচ্ছায় পড়েনি টান
চলে আসুন খেলার মাঠে, খেলতে যদি চান!
ধন্য মেয়ে - র সেই গানটা মোদের চলার বল
"সব খেলার সেরা বাঙালীর তুমি ফুটবল"!!!





ABB Turbocharging has become Accelleron.

Accelleron is the new brand of ABB
Turbocharging.

A rich history of excellence in service
and innovation continues its journey
into the future. Move further!

Accelleron Turbo Systems (Hong Kong) Limited
<https://accelleron-industries.com/>



Follow us now on WeChat

Acce/eron

বাঙালীর বাঙলা

~ বলরাম চন্দ্র পাল

কেঁটবাবুর ইংরাজীটা তেমন ভালো নয়,
বলতে গেলেই এদিক ওদিক বিড়ম্বনা হয়।

বঙ্গ সমাজ তাকে তেমন দর দিল না কভু,
বাঙলাটা না জানলেও হয়, ইংরাজীটাই প্রভু।

বিষ্টবাবুর ইংরাজীটা বড়ই সাবলীল,
সমাজ তাকে জ্ঞানী ভাবে, ভাবে সৃষ্টিশীল।

বাঙালি আজ বাঙলা ভুলে ইংরাজীরই দাস,
বাঙলাটা না বলতে পারাই তাদের অভিলাষ।

“বিশেষণ” আবার কি বস্তু? বড়ই অচল!
“Adjective” না জানলেই অশিক্ষিতের দল।

“Attributive Adjective”, সেটা সবার জানা,
“বিশেষ্যের বিশেষণ” জানতে সবার মানা।

“বিশেষণের বিশেষণ” কেমন পরিভাষা?
“Adverb of Degree” মোদের ভালোবাসা।

“হস্ অন্তে যাহার” তাকেই বলে হসন্ত,
হসন্তটা “বিশেষণ”, বুঝতে গেল বসন্ত।

“বাক্য”তে যে “ক্”য়ে হসন্ত এটা সবাই জানে,
ইংরেজীতে এমন ভুলের হয়না কোন মানে।

হসন্ত “ক্” বা “ক্”য়ে হস্ সঠিক ব্যাকরণ,
সমাজেতে এসব জানার হয়না মূল্যায়ন।

মূর্খা দ্বারা উচ্চারণকে মূর্খন্য বলে,
“মূর্খন্য ণ” ন-এর প্রকার বাঙালি যায় ভুলে।

বিশেষণটা বিশেষ্যের আগেই সদা বসে,
নিজের মাতৃভাষায় দখল উধাও নির্বিশেষে।



নারায়ণ দি গ্রেট!

জানুয়ারী মাসের এক সন্ধ্যাবেলা। বাড়িতে কিছু অতিথি এসেছে, এমন সময় হোয়াটস্যাপ এ খবরটা এল। নারায়ণ দেবনাথ আর নেই। আমি আক্ষেপ করছি শুনে আমার এক বন্ধু প্রশ্ন করল "কার্টুনিষ্ট ছিলেন না?" আমি নিঃশব্দে মাথা নাড়লাম। কিছু স্রষ্টা আছেন যাদের মহান সৃষ্টির আড়ালে তাঁদের ব্যক্তিসত্তা চাপা পড়ে যায়। যেমন, "কে সি নাগ" নামটা শুনেই স্কুল ও কলেজ জীবনের সেই আক্কের বইগুলোর কথা মনে পড়ে, কিন্তু কে সি নাগ দেখতে কেমন ছিলেন, বা কোথায় থাকতেন তা কেউ জানে কি? তেমনই এক ব্যক্তি ছিলেন নারায়ণ দেবনাথ। যাদের জন্ম ষাট থেকে আশির দশকে, তারা জানেন ইন্টারনেট বিহীন জীবনে কমিঞ্জ আর গল্পের বইয়ের কি গুরুত্ব ছিল, আর নারায়ণরা কেমন ম্যাজিক সৃষ্টি করতেন সেই সময়। সেদিন, বাকি সন্ধ্যাটা, আর বিশেষ কথা বললাম না কারণ আমার উদাসীন মন তখন চলে গেছে কয়েক দশক আগের রোদ ঝলমলে সকালগুলোতে।

সাত সকালে খবরের কাগজওয়ালা ছপাৎ করে কাগজটা বারান্দায় ছুঁড়ে ফেলতেই আমার কান সজাগ হয়ে উঠতো। তারপরে এক ছুটে হাজির হতাম বারান্দায়। খবরের কাগজের সঙ্গে আমার প্রিয় পত্রিকা শুকতারার আসার কথা আছে যে! তখন বয়েস এগারো বা বারো। এমন সকাল মাসে একটি নির্দিষ্ট সময়ে আসত, কারণ শুকতারা ছিল মাসিক পত্রিকা। সব লেখা তারিয়ে তারিয়ে শেষ করতে সপ্তাহখানেক লাগতো, তবে সবথেকে আগে বারান্দায় দাঁড়িয়েই গোপ্রাসে পড়ে ফেলতাম প্রচ্ছদে আঁকা কমিঞ্জ স্ট্রিপ। গোয়েন্দা গল্প। গোয়েন্দার নাম কৌশিক রায়, যে ভারত সরকারের একজন সিক্রেট এজেন্ট। যেমন তাঁর বুদ্ধি, তেমন সে ক্যারাক্টে, কুংফু, বক্সিং সব জানে। তাঁর ধাতব ডান হাত, যা বুলেট আটকাতে পারে, ও যার একটি ঘুষি খেলে ভিলেন ছিটকে পড়ে দশ হাত দূরে। আমার প্রিয় অ্যাকশন হিরো তখন ছিল ক্রস লি, ফ্যান্টম, আর কৌশিক রায়! মাঝে মাঝে রাংতা দিয়ে নিজের হাতটা মুড়ে ধাতব হাত বানিয়ে কৌশিক হবার চেষ্টা করতাম।

প্রচ্ছদ পেরিয়ে প্রথম দুই পাতায় পত্রিকার প্রধান আকর্ষণ। গোলাপি-কালো কালিতে আঁকা কমিক স্ট্রিপ, "বাঁটুল দি গ্রেট"। পড়তে পড়তে নিজের মনেই হাসতাম, তারপর আবার পড়তাম। দু তিনবার পড়ার পরে, পত্রিকার মাঝামাঝি চলে যেতাম। আর একটি কমিক স্ট্রিপ, তবে এটি রঙিন, আর মুখ্য চরিত্র হলেন একটি ছলো, যার নাম "বাহাদুর বেড়াল"। সব শেষে, সাদা কালোয় আঁকা কমিঞ্জ "হাঁদা-ভোঁদা", যা পড়তে গিয়ে আবার হেসে কুটোপাটি হতাম। এছাড়া পত্রিকা জুড়ে গল্পের সঙ্গে থাকত অনেক স্কেচ, যেগুলি থাকায় ওই গল্পসমূহ সিনেমার মতো জীবন্ত হয়ে উঠত আমার চোখের সামনে। এই সবকিছু স্কেচ একা হাতে সৃষ্টি করে, পত্রিকা জুড়ে তাঁর প্রভাব বিস্তার করে রাখতেন একজন চিত্রশিল্পী। সেই শিল্পী যিনি প্রায় ছয় দশক ধরে হাওড়ার এক ছোট্ট ঘর থেকে আন্তর্জাতিক মানের ইলাস্ট্রেশন ও কমিঞ্জ এঁকে বিশ্বয় সৃষ্টি করেছেন। নাম, নারায়ণ দেবনাথ। ২০২২ সালে, নারায়ণের প্রথম সৃষ্টি "হাঁদা-ভোঁদা"র ষাট বছর পূর্ণ হল। শুকতারা



Company History

Established in 2003, has almost 20 years ship-repairs/services and store/spare supply experience, under the guidance of Quality Management System of DNV ISO 9001:2015.

Professional Field

- Ship repair & service at all major Chinese ports and shipyards
- Voyage repair including deck, machinery, electrical, automation & radio items
- Lifeboat inspection, approved by ABS, BV, DNV, KR, LR & NK
- Firefighting service, approved by ABS, BV, CCS, DNV, IRS, KR, LR & NK
- Underwater inspection, approved by ABS, BV, DNV, KR, LR, NK & RINA
- Thickness measurement, approved by ABS, BV, DNV, IRS, KR, LR, NK & RINA
- Boiler repair/re-tubing, with WPS & Welders approved by ABS, BV, DNV, LR & NK
- Propeller repair, with WPS & welders approved by ABS, BV, DNV, KR & LR under material of Cu3 and WPS & welders approved by LR under material of Cu4
- M/E pneumatic system servicing with Nabtesco trained engineers
- Tank level gauge/draft gauge servicing, pressure/temperature controller and M/E & A/E viscometer servicing, with Yamatake & Nakakita trained engineers
- Hydraulic system troubleshooting, health check and maintenance/overhauling of hydraulic pump, motor, control block, cylinder, reduction gearbox and valve remote control system actuators, etc
- Special welding, Aluminum welding, Stainless welding, Cast steel welding

Resource Advantage

- Over 60 refined professional engineers /technicians/experienced workers.
- All above services/repairs shall be done by our own teams.
- Hold all major class approval certificates relate to routine inspection/service and registered on the platform of the MSA as per latest regulation.
- Furthermore, we could offer relative spares (original and substitute made in China with good quality) for the service/ repair.

Company Mission

Customer First, Service Foremost

Contact Us

Add: Suite 801, New World Plaza, No.9 Fuzhou South Road, 266071, Qingdao, China
Tel: +86 532 8309 6836 / 7 / 8 / 9 Fax: +86 532 8386 1910
E-mail: info@oceanlinkmarine.com Http: //www.oceanlinkmarine.com

ছাড়াও অন্যান্য অনেক পত্র পত্রিকায় তিনি ছবি আঁকতেন। তাঁর আঁকা আর এক জনপ্রিয় কমিক্স "নন্টে-ফন্টে" পড়ার জন্য মাঝে মাঝে "কিশোর ভারতী" পত্রিকা টি আমাদের বাড়িতে আসত। তাঁর বিশাল কর্মকান্ড অল্প কয়েকটি পাতায় বর্ণনা করা বেশ কঠিন।

নারায়ণের জন্ম হাওড়ার শিবপুরে। তাঁর পরিবার ছিল স্বর্ণকার। শোনা যায় ছোটবেলায় সূক্ষ্ম গহনার নকশা আঁকার মাধ্যমে তিনি আঁকার হাত পাকিয়েছিলেন। পরবর্তীকালে তিনি সরকারি আর্ট কলেজে ভর্তি হন। শেষ বর্ষ শেষ করার আগেই তিনি কলেজ ত্যাগ করেন এবং বাণিজ্যিক শিল্পী হিসেবে কাজ শুরু করেন। তিনি বেশিরভাগ ইলাস্ট্রেশন এবং বিজ্ঞাপন সংস্থার কাজ করতেন, আর বিভিন্ন পণ্যের বিজ্ঞাপনের ভিজ্যুয়াল, লোগো এবং লেবেল তৈরি করতেন। কিছুদিন ফ্রিল্যান্সার হিসেবে কাজ করেছেন। নারায়ণের প্রতিভা বিকশিত হবার সুযোগ আসে যখন তিনি তিনি দেব সাহিত্য কুঠিরের মতো একটি স্বনামধন্য প্রতিষ্ঠানে কাজ করার সুযোগ গ্রহণ করেন। সেখানে তাঁর পরিচয় ঘটে সেই সময়ের প্রতিভাবান চিত্রশিল্পী প্রতুল চন্দ্র ব্যানার্জী, বলাই বন্ধু রায় এবং শৈল চক্রবর্তীর মতো বিশিষ্ট ব্যক্তিদের সাথে। যারা শিব্রাম চক্রবর্তীর লেখার ভক্ত তারা জানেন, শিব্রামের গল্পের সঙ্গে যে ভীষণ মজার ছবিগুলি থাকতো, সেগুলি আঁকতেন শৈল চক্রবর্তী। শৈল চক্রবর্তীর আরও এক পরিচয় আছে, তিনি অভিনেতা চিরঞ্জীতের বাবা।

ছোটবেলা থেকেই আঁকাজোকা ও কমিকসের প্রতি নারায়ণের উৎসাহ ছিল। তিনি নিজেই জানিয়েছেন যে ছোটবেলায় টারজান-এর গল্পের বিশেষ ভক্ত ছিলেন। শৈশবের নায়ককে চিত্রায়িত করার সুবর্ণসুযোগ পেলেন নারায়ণ, শুকতারার সম্পাদকের অনুরোধে। তাঁর হাত ধরে এই ফ্যান্টাসি গল্পের বঙ্গানুবাদ ও চিত্রায়ণ ১৯৫১ সালে শুকতারার পত্রিকায় প্রকাশিত হয়েছিল এবং পরবর্তী ৪২ বছর ধরে বই হিসাবে প্রকাশিত হয়েছিল। বিদেশী চরিত্রের শারীরিক গঠন ও অঙ্গপ্রত্যঙ্গের সাবলীল নাড়াচাড়া দেখলে শিল্পী হিসেবে নারায়ণের দক্ষতা উপলব্ধি করা যায়। তাঁর আগের প্রজন্মের কমিক্সে একটু আড়ষ্ট ভাব থাকলেও তাঁর কাজে বিদেশী শিল্পীদের ঝরঝরে বলিষ্ঠ অঙ্কনশৈলীর প্রভাব লক্ষ্য করা যায়। তাদের অনুকরণে, নারায়ণ দৃশ্যের খুঁটিনাটির ওপর জোর দিতেন।

হাঁদা ভোঁদা কমিক্স টি সম্ভবত প্রতুল চন্দ্র ব্যানার্জী শুরু করেছিলেন পঞ্চাশের দশকে। শুকতারায় প্রকাশিত হত হাঁদা-ভোঁদা, তবে নিয়মিত নয়। ১৯৬২ থেকে নারায়ণ এটি আঁকা শুরু করলেন। চরিত্রদুটিকে একটু পরিবর্তন করে ছোট ছোট গল্পের আকারে প্রকাশ করলেন নারায়ণ। ১৯৬২ সালে ইস্টবেঙ্গল-মোহনবাগানের লড়াই নিয়ে প্রকাশিত হয় তাদের নতুন অধ্যায় 'হাঁদা-ভোঁদার জয়'। বাকিটা ইতিহাস। হাঁদা-ভোঁদা হল ভারতের প্রথম ধারাবাহিক কমিক

স্ট্রিপ। চতুর হাঁদা (হাঁদারাম গড়গড়ি) তাঁর প্রিয় বন্ধু ভোঁদা (ভোঁদারাম পাকড়াশী) কে প্যাঁচে ফেলার চেষ্টা করে, কিন্তু প্রতিবার ভালোমানুষ ভোঁদারই জিৎ হয়। তাদের স্থলকায় পিসেমশায় (বেচারাম বক্সী) দুজনের মাঝে পড়ে নাকানি চোবানি খেতে থাকেন। গল্পের স্থান কাল পাত্র সবই

সাধারণ, এবং মুখ্যচরিত্র দুটি অনেকটা লরেল-হার্ডি থেকে অনুপ্রাণিত মনে হয়। নারায়ণের কল্পনা, ও হাতের রেখার জোরে অচিরেই হাঁদা-ভোঁদা বিপুল জনপ্রিয়তা লাভ করে। নারায়ণের কমিক্সের সংলাপ একটু চটুল হলেও, তাতে সূক্ষ্ম হাস্যরস মিশ্রিত থাকতো, আর চরিত্রগুলো খুব চেনা মনে হতো, যেন তারা আশেপাশেই থাকে।

দৈনন্দিন জীবন থেকেই হাস্যরস সৃষ্টি করতেন নারায়ণ। খাওয়াদাওয়া, খেলাধুলা, পড়াশোনা, বাজার করা, মাছ ধরা, বন্ধুদের খুনসুটি, ভূত-প্রেতের ভয় ইত্যাদি ছিল তাঁর বিষয়বস্তু। অল্প কয়েকটি রেখায় মজার দৃশ্যপট সৃষ্টিতে তিনি ছিলেন অদ্বিতীয়। সংলাপ ছাড়া, শুধু তাঁর ছবি দেখেই পাঠকগণ হেসে কুটিপাটি। আবার তিনি যখন গোয়েন্দা গল্প, এডভেঞ্চার, সাইন্স ফিকশন, জীবনী ইত্যাদি বিষয়ে ছবি আঁকতেন, তখন তাঁর আঁকা হতো বাস্তবধর্মী। উপরোক্ত

বিষয়ে আঁকার সময় তিনি এত সুন্দর আলো আঁধারির প্রয়োগ করতেন যেন মনে হতো সিনেমার স্লাইড কাগজে ছাপা হয়েছে। প্রাক ইন্টারনেট যুগে নারায়ণ প্রত্যেকটি স্কেচ নিজে হাতে ঐকিছেন, এমনকি সংলাপ লেখার জন্য বরাদ্দ গোলকগুলিও তিনি হাতেই আঁকতেন। হাঁদা-ভোঁদার পরে নারায়ণ আরও দু জোড়া চরিত্র বানিয়েছিলেন, "শুটকি আর মুটকি" ও "নন্টে-ফন্টে"। "শুটকি আর মুটকি" বছর দুই-তিনের বেশি চলেনি। আমার মনে হয় "শুটকি আর মুটকি" ভারতের প্রথম কমিক্স যার মুখ্যচরিত্রে আছে মেয়েরা। না চললেও, এই বিষয়ে ভাবার জন্য জন্য নারায়ণের দূরদর্শিতার তারিফ না করে পারা যায় না।

"নন্টে-ফন্টে"-র আত্মপ্রকাশ ১৯৬৯ সালে, কিশোরে ভারতী পত্রিকায়, এবং সেটি অসম্ভব জনপ্রিয়তা লাভ করে। বলা হয় যে চিত্রপরিচালক অসিত সেনের বিখ্যাত ছবি "পরিবর্তন" (পরে হিন্দিতে "জাগৃতি") থেকে "নন্টে-ফন্টে" অনুপ্রাণিত। হাঁদা-ভোঁদার থেকে নন্টে-ফন্টের বয়েস একটু বেশি, তাই তাদের কীর্তিকলাপে বুদ্ধি ও অকালপক্কতা এই দুইয়ের আভাস পাওয়া যায়। তাদের কাহিনীর

প্রেক্ষাপট একটি বোর্ডিং স্কুল যেখানে সুপারিনটেনডেন্ট পাতিরাম হাতির কড়া নজর এড়িয়ে তারা নানা দুষ্কর্মের ফন্দি আঁটে। তাদের প্রধান প্রতিপক্ষ হল বছরের পর বছর ফেল করা স্কুলের দাদা, কেল্টুদা। কেল্টু তাদের নামে পাতিরামের কাছে নালিশ করার কোনো সুযোগ ছাড়ে না, কিন্তু বেশিভাগ সময় নন্টে-ফন্টের উপস্থিতি বুদ্ধিতে শেষে কেল্টুই পড়ে

বিপদে। কমিক্স হলেও হোস্টেল জীবনের বাস্তব চিত্র সুন্দরভাবে ফুটিয়ে তুলেছিলেন নারায়ণ, যেমন রাঁধুনির অজান্তে খাবার সাবাড় করা, খাবারের মান নিয়ে অনুযোগ, সুপারের অনুশাসন, সিনিয়রদের দাদাগিরি প্রভৃতি। এই প্রসঙ্গে বলা উচিত, যে কোন কমিক্স সৃষ্টির নেপথ্যে থাকতো নারায়ণের গভীর

পর্যবেক্ষণ ক্ষমতা ও পড়াশোনা। তার সঙ্গে অবশ্যই থাকতো সময়ের সঙ্গে তাল মিলিয়ে গল্পের বিষয় চয়ন ও সংলাপ। নারায়ণ বলতেন, অল্প বয়েসীদের মতামত কখনো অবজ্ঞা করতে নেই। ছোটদের কথা বলার ধরণ, পোশাক আশাক খুঁটিয়ে লক্ষ্য করতেন তিনি।



নারায়ণের শ্রেষ্ঠ কীর্তি যে বাঁটুল দি গ্রেট সেটি সবাই একবাক্যে স্বীকার করবেন। ষাটের দশকে নারায়ণ একদিন ট্রামে চড়ে শিবপুরে তাঁর বাড়ি ফিরছিলেন। এদিক ওদিক চিন্তার মাঝে তাঁর মাথায় ঘুরছিলো তাঁর বন্ধু, "পকেট হারকিউলিস" মিস্টার ইউনিভার্স খেতাব বিজয়ী বডিবিন্ডার মনোহর আইচের কথা। মনোহর তাঁর বিরল কৃতিত্বের জেরে তখন ভারতে রীতিমতো একজন সেলিব্রিটি। ব্যাস মাথায় "স্পার্ক" খেলে গেলো। মনোহর কে মাথায় রেখে নারায়ণ তৈরী করলেন বাঁটুল দি গ্রেট চরিত্র। তার সঙ্গে দুটো বিদেশী কমিক্স চরিত্র "Desperate Dan" ও "Superman" এর থেকেও কিছুটা অনুপ্রেরণা পেলেন। সব মিলিয়ে যা সৃষ্টি হলো তা বাংলা শিশু ও কিশোর সাহিত্যের ইতিহাসে সর্বাধিক জনপ্রিয় চরিত্রগুলির মধ্যে একটি। বাঁটুলের অবিশ্বাস্য ক্ষমতা। তার গায়ে গুলি লাগলে গুলি ঠিকরে ফিরে যায়, মাথায় হাতুড়ি মারলে হাতুড়ি ভেঙে যায়, গুল্ডা রা ছুরি মারলে, ছুরির ফলাই বেকে যায়, আর অনেকসময় এগুলি হয় বাঁটুলের অজান্তে, যখন সে দিবানিদ্রায় মগ্ন।

সুপারহিরোদের মধ্যে পাঠককুল হয়তো নিজের অতিমানবিক রূপের প্রতিচ্ছবি দেখতে পান, তাই সুপারহিরো রা চিরকাল এত জনপ্রিয়। বাঁটুল কিন্তু শুরুতে সুপারহিরো ছিল না। শক্তিমান নায়ক হিসেবে বাঁটুলের বেড়ে ওঠা 1965 সালে, তবে 1971 সালে সংঘটিত বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় সে অপ্রতিরোধ্য হয়ে ওঠে। সত্তরের দশকে যুদ্ধের আবহে দেশাত্ত্ববোধের ভাব ছড়িয়ে পড়েছিল ভারতে। পত্রিকার সম্পাদক চাইছিলেন এমন একটি চরিত্র যে একাই একশো হয়ে দুশমনের মোকাবিলা করবে। তাদের অনুরোধে, নারায়ণ বাঁটুলকে প্রায় সুপারম্যান এর মতো এক রূপ দিলেন। বাঁটুল আদতে কিন্তু সাধাসিধা লোক, যে এক ছোট্ট মফস্সল শহরে থাকে। সে ভালোমানুষ কিন্তু খামখেয়ালি, আর মাঝেমধ্যেই পরোপকার করতে গিয়ে গন্ডগোল পাকিয়ে বসে। গত ছয় দশক ধরে তাকে স্যান্ডো গেঞ্জি, কালো হাফ প্যান্ট, আর খালি পায়ে দেখেই পাঠক অভ্যস্ত। এখানেই নারায়ণের কৃতিত্ব। নিজের সৃষ্টির দ্বারা জীবনের ছোট ছোট মুহূর্তগুলি নিয়ে শুধু মজার কোলাজ করতে চেয়েছিলেন, যে কাজে তিনি ২০০% সফল! বাঁটুলকে প্রতি পদে বিপদে ফেলা দুই অসম্ভব বিচ্ছু, ভজা ও গজা, তাদের দেখেও পাঠকের রাগের থেকে বেশি হাসির উদ্বেক হয়। তার সঙ্গে বাঁটুলের পোষ্য উটপাখি "উটো", কুকুর "ভেদো", বন্ধু "লক্ষকর্ণ", বুড়ি পিসি, সব মিলিয়ে এক মজার চিত্রপট তিনি তৈরী করেছেন, যা বিদেশী সুপারহিরোর গল্পে দেখা যায় না।

নারায়ণ সারা জীবন ধরে অক্লান্ত ভাবে নানাবিধ চরিত্র সৃষ্টি করে গেছেন। কিছু চলেছে, কিছু চলেনি, তবে তিনি থেমে থাকেন নি। পটলচাঁদ ম্যাজিসিয়ান, বাহাদুর বিড়াল, ডানপিটে খাঁদু আর তার কেমিকাল দাদু, পেটুক মাস্টার বটুকলাল, তাঁর কিছু উল্লেখযোগ্য সৃষ্টি। গল্পের সঙ্গে পাল্লা দিয়ে চরিত্রের নামও হতো বেশ মজার। নারায়ণ ছিলেন খাদ্যরসিক, স্বভাবতই তাঁর চরিত্ররা সবাই ভোজনরসিক হত। নিচের ছবিটা দেখলে বাঁটুলের খাবার বহর বোঝা যায়। এখানে সে হাঙ্গরের রোস্ট খাচ্ছে! পেটুক মাস্টার বটুকলাল, তাঁর সৃষ্ট শেষ চরিত্র। তিনি স্কুলমাস্টার হলেও ছাত্রদের টিফিন কৌটো খুলে বেমালাম সব সাবাড় করে দেন। রকমারি



কোনওটা বিশ্বাস্যসূচক, কোনওটা অনন্দসূচক, কোনওটা বা পতনের শব্দ।

নারায়ণের কথা অসম্পূর্ণ থাকবে যদি প্রচ্ছদ ও অলংকরণ শিল্পী হিসেবে তাঁর অবদানের কথা না লিখি। টারজান সিরিজের কথা আগেই লিখেছি। হাঁদা-ভোঁদা সৃষ্টির আগে তিনি রবিঠাকুর, বিবেকানন্দ প্রতিভা মনীষীদের জীবনীর চিত্ররূপ সৃষ্টি করে সুনাম অর্জন করেছিলেন। "স্বপনকুমার" ছদ্মনামে এক লেখকের লেখা গোয়েন্দা "দীপক চক্রবর্তী"র এডভেঞ্চার এককালে খুব জনপ্রিয় ছিল। এছাড়া লেখক দিলীপকুমার চট্টোপাধ্যায়ের গোয়েন্দা সিরিজ "ইন্দ্রজিৎ রায় ও ব্র্যাক ডায়মন্ড" এরও দারুন কাটতি ছিল। এই দুই সিরিজের জনপ্রিয়তার একটি কারণ নারায়ণের দুর্ধর্ষ সব স্কেচ, যে দেখে আমরা কচিকাঁচার সাদা কাগজে অনুকরণ করতাম। প্রকাশক দেব সাহিত্য কুটিরের পূজাবার্ষিকী একটি সময় ঘরে ঘরে শোভা পেত। নারায়ণ সেই সব সংখ্যায় অসংখ্য চার পাতার চিত্রগল্প লিখেছেন ও ঐকেছেন। কি না বিষয়ে ঐকেছেন তিনি - পৌরাণিক গল্প, ভূতের গল্প, জাতকের গল্প, সায়েন্স-ফিকশন এমনকি "অনুবাদ সিরিজ" নামে দেব সাহিত্য কুটির প্রকাশিত বাংলায় অনূদিত বিদেশী ক্লাসিকগুলিতে অসাধারণ সব কাজ করে গিয়েছেন। পঞ্চাশের দশক থেকে তিনি অগুনতি কিশোর গল্প/উপন্যাসের প্রচ্ছদ ঐকেছেন। এ ব্যাপারে আর এক কিংবদন্তি বহুমুখী শিল্পী, সত্যজিৎ রায় কে তিনি টেক্স দিতে পারেন। সত্তরের দশকে নির্মল বুক এজেন্সি দ্বারা প্রকাশিত উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর বিখ্যাত গল্পগুলির প্রচ্ছদ এবং চিত্রের জন্য নারায়ণ ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেন। এই সাফল্যে উৎসাহিত হয়ে অন্যান্য প্রকাশক তাঁকে উপেন্দ্রকিশোর, সুকুমার, আরও অনেক লেখকের গল্পের প্রচ্ছদ আঁকতে অনুরোধ করেন। হার্ডকভারের এই সুরু বইগুলি বাচ্চাদের উপহার হিসেবে খুব কিনতেন বড়রা। নারায়ণের অলংকরণ এই বইগুলির কাটতি সুনিশ্চিত করতো।

মার্ভেল কিংবা ডিসি-র মতো বিদেশী কমিক্স প্রতিষ্ঠানে জনপ্রিয় চরিত্রগুলির স্রষ্টা কোনো একজন শিল্পী হলেও, ব্যবসায়িক কারণে তাদের পরে অন্য শিল্পীরা ফ্র্যাঞ্চাইসির নিয়মে সেই কমিক্স গুলো ঐকেছেন। নারায়ণ সে পথে হাঁটেন নি। নিজের সৃষ্ট প্রিয় চরিত্রগুলি পরম মমতায়

নিজেই সামলেছেন, যেমন করেছিলেন টিনটিনের প্রস্তু হার্জ। নব্বইয়ের কোঠায় পৌঁছে, বয়েসের ভারে ন্যূন নারায়ণ অবশেষে ছবি আঁকা থামান। ততদিনে তাঁর একাধিক সৃষ্টি "কাল্ট-স্টেটাস" পেয়েছে। কিন্তু সত্যজিতের সমসাময়িক এই লেখক/শিল্পী শেষ দিন অব্দি প্রচারবিমূখ থেকে গেছেন। ছজুগে বাঙালি ক্রিকেট নিয়ে যতটা মহারাজকীয় মাতামাতি করে, তার সিকিভাগ নারায়ণকে নিয়ে হলে আজ তাঁর কাজ ভারতের অন্যান্য ভাষায় অনূদিত



হতো। তাঁর নাম প্রায় হারিয়ে যেতে বসেছিল, কিন্তু নব্বইয়ের দশকে তাঁর কমিক্সগুলি বই আকারে প্রকাশ পাওয়ায় তিনি কিছুটা প্রচারের আলোয় ফিরে আসেন। পরে "নারায়ণ দেবনাথ কমিক্স সমগ্র" নামে তাঁর সৃষ্টি পাঁচ খণ্ডে প্রকাশিত হয়। কিছুটা এই বইয়ের দৌলতে, দেরিতে হলেও তাঁর প্রতিভা অবশেষে স্বীকৃত হয়। জীবনের সায়াহ্নে এসে কিছু পুরস্কার পান তিনি। ২০১৩ সালে সাহিত্য আকাদেমি পুরস্কার পান নারায়ণ, ও সেই একই বছরে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক বঙ্গ বিভূষণ পুরস্কার লাভ করেন। ২০১৫ সালে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডি.লিট পান তিনি। তিনি ডি.লিট সম্মানে ভূষিত ভারতবর্ষের একমাত্র কমিক্স প্রস্তু। ২০২১ সালে ভারত সরকার কর্তৃক পদ্মশ্রী সম্মান পান তিনি। এই সম্মান ২০২২ সালের জানুয়ারী মাসে হাতে পান, কিন্তু ততদিনে তিনি হাসপাতালে রোগশয্যায় শায়িত। পশ্চিমবঙ্গের রাজ্যপাল তাঁকে হাসপাতালে দেখতে গেলে, রোগসজ্জা থেকেই কাঁপা কাঁপা হাতে বাঁটুলের একটি কাঁটুন ঐকে নারায়ণ তাঁকে উপহার দেন। এর কিছুদিন পরেই চিরকালের মতো তাঁর কলম থেমে যায়। ব্যক্তি নারায়ণকে বাঙালি হয়তো মনে রাখবে না, কারণ তিনি প্রচারের আড়ালেই থাকতেন। এই ডিজিটাল যুগে তাঁর সৃষ্টিকে লোকে মনে রাখবে কি না সেটাও বলা যায়না, যদি না সরকার তাঁর উত্তরাধিকার রক্ষায় ব্রতী হন, যেমনটি হয়েছে হার্জের ক্ষেত্রে। তবে তিনি যে রেকর্ড করে গেছেন সেটি হয়তো চিরকাল থেকে যাবে। তাঁর সৃষ্টি "হাঁদা-ভোঁদা", একক শিল্পীর আঁকা, ও নিরবিচ্ছিন্ন ভাবে চলা, সবথেকে লম্বা সময় ধরে চলা কমিক্স স্ট্রিপ!

~ লেখা ও অলঙ্করণ: চিরদীপ দে



Durga Puja

May Maa Durga strengthen you, to fight all evils, May she give you the courage, to face all upheavals.



always at the ship's side

www.gulf-marine.com

*With Best Compliments
from*

Mrs. & Mr. Ravi Goenka



Hong Kong Commercial House Limited

Unit 1503, 15/F, Beautiful Group Tower,
74-77 Connaught Road Central, Hong Kong
Phone: 2544 3041
Fax: 2815 3540
Email: belhongkong@biznetvigator.com

নৌকা বিভ্রাট

~সীমিতা তালুকদার

দক্ষিণ থাইল্যান্ডের পশ্চিম তটে অবস্থিত ক্রাবী ও আশেপাশের অসংখ্য দ্বীপপুঞ্জ গুলি পর্যটনের দিক থেকে যে অত্যন্ত জনপ্রিয়, সে আর নতুন করে কাউকে বলে দিতে হবেনা। ট্রপিকাল বীচ ডেস্টিনেশানের মধ্যে অন্যতম ক্রাবী। আন্দামান সাগরের দু পাশের তীরে, দুটি বীচ ডেস্টিনেশান, ফুকেত ও ক্রাবী। তার সাথে আরো অসংখ্য ছোট বড় দ্বীপ, এক একটি রত্নের মতো ছড়ানো রয়েছে আসে পাসে।

ক্রাবীর কথা বলতে গেলেই সবার প্রথম মনে পড়ে অগণিত সেই খাড়া খাড়া পাথুরে ছোট বড় পাহাড় বা শিলাস্তম্ভ, টুকরো টুকরো সবুজ মাণিকের মতো যেগুলি দাঁড়িয়ে আছে সমুদ্রের মধ্যে। এই শিলাস্তম্ভের সবুজ রঙের সাথে পরিষ্কার আকাশের নীল রঙ মিশে, সাগরের চেউ-এ খেলে এক অভূতপূর্ব রঙ, ঠিক যেন পান্না গুঁড়ো করে কেউ মিশিয়ে দিয়েছে জলে। এই সুন্দর সবুজ জলের পাড়ে, ধপধপে সাদা বালির সৈকত গুলি, মুক্তার মতো সাজানো চারিপাশে। খোলা নীল আকাশের তলায় ঝলমলে রোদে, চিকচিক করা সাদা বালির সৈকত গুলি সৃষ্টি করে এক মনোরম দৃশ্য।

এ তো গেলো জলের ওপরের দৃশ্যের কথা। গভীর জলের তলায় যে সম্পদ লুকিয়ে আছে, তা নিজের চোখে না দেখলে বিশ্বাস করা মুশ্কিল। জলের তলায় রয়েছে নানা রঙে সাজানো কোরালস আর marine life এর বিশাল গুপ্ত ধন। সমুদ্রের ওপর ও সমুদ্র তলের এই অপূর্ব সম্পদগুলিই যে বিশ্ব জুড়ে পর্যটকদের আকর্ষিত করে এখানে, সে বিষয়ে কোনো সন্দেহ নেই।

আমরাও সেইরকম-ই পর্যটক রূপে এসে পৌঁছলাম ক্রাবীতে, ঈস্টার এর ছুটি কাটাতে। আমরা দুই পরিবার, বাচ্চারা সহ মোট ৭ জন। বাচ্চাদের উত্তেজনার শেষ নেই। একে তো বীচ হলিডে, তার ওপর উপরী পাওনা হিসেবে লিস্টে রয়েছে স্নর্কলিং ও অন্যান্য অ্যাডভেঞ্চার স্পোর্ট। এই উত্তেজনা এমনই ছোঁয়াচে যে বড় রাও বেশ উৎফুল্ল। হাতে চার দিনের মেয়াদ, তার মধ্যে সেরে ফেলতে হবে, বীচ হপিং, স্নর্কলিং, ট্রী টপ zip lining আর ATV riding ইত্যাদি, সঙ্গে খাওয়া দাওয়া আর শপিং করা তো আছেই। সুতরাং প্রথম দিন থেকেই প্ল্যান মতন ঘোরা আরম্ভ হলো। দারুণ সুন্দর জায়গা, তারপর রোমাঞ্চকর সব অনুভূতি। তিনটে দিন হুস করে কোথা দিয়ে কেটে গেলো বোঝাই গেলো না।

এক্টিভিটি এবং বেড়ানোর তালিকায় সব কটাতেই দাগ পড়েছে। ছুটির শেষ দিনে এসে পৌঁছেছি আমরা, কিন্তু মন তখনও ভরে নি। আরো চাই আরো চাই সবার-ই মন বলছে। তাই বাচ্চাদের একটু আনন্দ দেওয়ার জন্যে বড়রা স্থির করলেন, একটা আধা দিনের জন্যে কিছু প্ল্যান করা যেতেই পারে। সন্কেটা হাতে থাকল গোছগাছ সারার জন্য, আর পর দিন ভোর বেলা ফ্লাইট। সব ঠিক আছে। বাচ্চাদের নাম করে বড়রাও আবার একটু আনন্দ পাওয়ার সুযোগ পেলে মন্দ হয়না। তাই ঠিক হলো যে আবার কোহু পোডা আইল্যান্ড-এ যাওয়া হবে। হাতে সময় ও দূরত্বের দিক দিয়ে, এই একটি মাত্র বিকল্প সামনে এলো।

আও-নাং থেকে (মানে যেখানে আমাদের হোটেল ছিল), কোহ পোডা যেতে লাগে এই আধ ঘন্টা থেকে ৪৫ মিনিট মতন। যাওয়ার একটি-ই মাধ্যম, লং টেল বোট(long tail boat)। ক্রাবী থেকে কাছাকাছি দ্বীপ গুলো ঘুরতে যাওয়ার ওই একটি-ই উপায়। এই নৌকাগুলি হলো স্থানীয় লোকেদের হাতে কাঠ দিয়ে তৈরি করা। অনেকটা আমাদের দেশের কেরলা প্রদেশের স্নেক বোট নৌকাগুলির মতন। অন্যান্য শহরে যেমন ডাঙায় taxi বা auto rickshaw চলে, এখানে জলে এই লং টেল বোট চলে। একজন মাঝি চালনা করে এই নৌকা গুলিকে। নৌকা চালনা করার জন্য, নৌকার পিছনের দিকে লম্বা একটি লোহার ডান্ডায় বাঁধা একটি propeller থাকে। সেই প্রপেলার চালানোর জন্য ব্যবহার হয় পুরানো ট্র্যাক্টর বা অন্য কোন টেম্পো জাতীয় বাহনের মোটর। এই প্রপেলার বাঁধা লম্বা ডান্ডার জন্যই নৌকাগুলির ওই নামাঙ্করন। দূরের দ্বীপ গুলো যেতে হলে, স্পীড বোট এর ব্যবস্থা আছে।

প্র্যান অনুযায়ী, ব্রেকফাস্ট সেরে আমরা সবাই পৌঁছে গেলাম আও নাং বীচ-এ নৌকা ধরতে। নৌকা আগেই বুক করা হয়েছিলো, শুধু নৌকার মাঝি কে খুঁজে উঠলেই হলো। খানিক ক্ষণ অপেক্ষা করতেই আমাদের নৌকা এসে উপস্থিত। নৌকা তো বেশ সুন্দর, তবে নৌকাচালক কে দেখে ভরসা হওয়া মুশ্কিল, কারন চেহারায় তিনি একেবারে তাল পাতার সেপাই, অনেকটা ওই লং টেল -এর সাথে সাদৃশ্য! ওই মানুষটি ওই বিশাল নৌকা চালনা করবে সেটা বিশ্বাস করা খুব কঠিন হচ্ছিল। উপায় নেই, একটু ভয় ভয়-এই, চটি গুলো ব্যাগ-এ পুরে, জলে গোড়ালি ডুবিয়ে, হেঁটে নৌকায় উঠলাম সবাই। তারপর যেই মোটর স্টার্ট দিয়েছে, আওয়াজটা শুনেই আমাদের বন্ধু, যিনি কর্মসূত্রে জাহাজ রক্ষণাবেক্ষণ-এর দায়িত্বে, বলে উঠলেন, "আওয়াজটা যেন সেরকম ভালো ঠেকছেনা বাপু! ভায়া তোমার এই নৌকা চলবে তো?" সেই শুনে মাঝি বাবু অতি ক্ষীণ স্বরে তবে ভরপুর আত্মবিশ্বাস নিয়ে বললেন, অবশ্যই যাবে। সে রোজ কতগুলি ট্রিপ করে তার হিসেব ও দিয়ে ফেলল সাথে সাথে। তার বিশ্বাস-এর ওপর ভরসা করে আর ভগবান-এর নাম নিয়ে শুরু হল আমাদের যাত্রা।

ঝকঝকে পরিষ্কার নীল আকাশ আর ফুরফুরে হওয়ায়, সবুজ জল কে চিরে, সাদা ফেনা উড়িয়ে এগিয়ে চলল আমাদের নৌকা কোহ পোডা বীচ-এর দিকে। বেশ লাগছিল। চারিদিকের প্রাকৃতিক সুখমা উপভোগ করতে আর সেই দৃশ্য কে camera বন্দি করতে এতটা-ই ব্যস্ত হয়ে পড়লাম সবাই, যে মোটর-এর বিদঘুটে আওয়াজ আর তখন শ্রুতি গোচর-ই হচ্ছে না। যাই হোক, কিছুক্ষনের মধ্যেই নির্বিঘ্নে পৌঁছে গেলাম আমাদের গন্তব্য স্থলে। বাচ্চারা হৈ হৈ করে নৌকা থেকে বীচ-এ নামতে ব্যস্ত হয়ে পড়লো। আমাদের জাহাজী ইঞ্জিনিয়ার বন্ধু নামবার আগে তাল পাতার সেপাই কে মনে করিয়ে দিলেন ঘন্টা দুয়েক থাকব আমরা বীচ-এ, সেই ফাঁকে জেন সে মোটরটাকে একটু servicing করে নেয়। সে সজোরে মাথা নেড়ে সহমতি জানাল, মাথাটা এতটা-ই জোরে নাড়লো যে ভয় হচ্ছিল খসে পড়ে না যায়।

তিন বাচ্চাই সময় নষ্ট না করে নেমে পড়লো জলে। আমরা ঝাউ গাছের ছায়া খুঁজে, ঝটপট মাদুর পেতে বীচ পিকনিক এর ব্যবস্থা সেরে ফেললাম। এবার আমাদেরও জলে নমবার পালা, যতটা পারা যায় আনন্দ উসূল করা আর কি। বাচ্চারা আর একবার snorkelling এর সুযোগ পেয়ে গদগদ। মন ভরে জল -এ খেলা ও সাঁতার এর পর, change করে পিকনিক টাইম এবার। একটি মাত্র ছোট্ট দোকান থেকে, বিশাল সাইজ-এর ডাব, কাটা ফল, আর অন্যান্য টুকটাক street food দিয়ে পিকনিক হলো। থাইল্যান্ড এমনি তেই নানা রকম সুস্বাদু street food এর জন্য বিখ্যাত, কাজেই খাবার পেতে কোন অসুবিধা হলো না। আর এক-ই সাথে থাইল্যান্ড -এ রাস্তার ওপর দোকানে দোকানে প্রচুর রকমারি ফল পাওয়া যায় যেমন পেয়ারা,

আনারস, তরমুজ, কাঁচা মিঠে আম প্রবৃত্ত। প্লাস্টিক এর প্যাকেট -এ পোরা, একটি কাঠি গোঁজা, সঙ্গে ছোট্ট একটি কাগজে মোড়া চটপটা একটি মশলা, যেটা অনেকটা আমাদের চাট মশলা আর ডালিম-এর হজমি মেলালে ঘেরকম স্বাদ হবে, সেরকম। এই ফল আর মশলার সঙ্গম টা কিন্তু দারুন। প্রায় তিন ঘন্টা কাটিয়ে, এবার ইচ্ছে না করা সত্ত্বেও সব জিনিষ পত্র গুছিয়ে নিয়ে ফেরার পালা। আবার জলে হেঁটে নৌকায় উঠতে শুরু করলাম সবাই।

এবার যেন সবার-ই ফুটিটা একটু কমে দিকে, একে ক্লান্ত তার ওপর ছুটি শেষ হয়ে আসছে বলে মনটাও একটু খারাপ। যাই হোক, ওঠা হলো নৌকায়। মোটর সারিয়েছে কি না জিগেস করায় মাঝি বাবু আবার সজোরে মাথা নাড়লেন। আমরা দীর্ঘশ্বাস ফেলে ফেরত যাত্রার জন্য তৈরি। ও বাবা, যেই না মোটর শুরু করা, আবার সেই বিদঘুটে আওয়াজ। ফিরতে তো হবেই, উপায়-ও নেই অন্য, তাই জয় মা বলে আমরাও ভাসালাম তরী। বাচ্চারা আমাদের জলের তলার ছবি দেখাচ্ছে, আর সেই সুন্দর সুন্দর রকমারি রঙের মাছ আর কোরাল এর ছবি দেখে আমরা অবাক হচ্ছি। ধীরে ধীরে আবহাওয়াটাও কিরম মেঘলা হয়ে আসছে। এরকম এখানে প্রায়-ই হয়ে থাকে। আর যার ফলে একটু ঝিমুনিও এসে যাচ্ছে। এরই মধ্যে বিকট একটা আওয়াজ-এ আমাদের চমক ভাঙল, সাথে সাথেই একটা পাখার মতন জিনিষ দ্রুত বেগে হওয়ায় কয়েক পাক ঘুরে জলে পড়ে গেলো। সবাই একসাথে বলে উঠল, "কি হলো এটা?"

আমাদের অভিজ্ঞ বন্ধুর ধরতে বেশী সময় লাগলো না যে আমাদের নৌকার propeller ভেঙে উড়ে বেরিয়ে গেছে। এ কি কান্ড! তখন আমরা ঠিক মাঝদরিয়ায়। নৌকা বেয়ে যে নিয়ে যাবে তার-ও কোনো ব্যবস্থা নেই। এদিকে দিনের আলো-ও ক্রমশ ক্ষীণ হয়ে আসছে। আর তার মধ্যে মাঝ সমুদ্রে আমাদের নৌকা টলমল করছে। ভয়ে তখন আমাদের অবস্থা শোচনীয়। তাল পাতার সেপাই ও তখন ভীত গলায় মুখটা কাঁচুমাচু করে আমাদের আশ্বস্ত করার চেষ্টা করল যে সে কাছের দ্বীপে তার বন্ধুকে ফোন করে নৌকা আনার কথা বলবে আর সেই নৌকা আমাদের আও নাং পৌঁছে দেবে। তার পকেট থেকে বহু জর্জরিত একটি mobile ফোন বেরল এবং বহু ক্ষণ চেষ্টা করার পরে জানাল যে মাঝসমুদ্রে হওয়ার জন্য সে network পাচ্ছে না। এদিকে সময় তো এগিয়ে চলেছে। জোয়ার -এরও সময়, নৌকার টলমল দোলাও বেশ বেগ নিতে আরম্ভ করেছে এদিকে। আমরা নিরুপায় হয়ে একে অন্যের দিকে তাকিয়ে রয়েছি আর আমি মনে মনে তখন হনুমান চালিসা পাঠ করতে শুরু করে দিয়েছি।

ইতি মধ্যে হঠাৎ মাঝিবাবু জানালেন যে তার বন্ধুর সাথে যোগাযোগ করতে পেরেছেন এবং কিছুক্ষনের ভেতরেই নাকি সে নৌকা নিয়ে পৌঁছে যাবে। খানিকটা আশার আলো যেন দেখতে পেলাম আমরা। আশার আলোর সাথে সাথেই একটা নতুন চিন্তা উদয় হলো, মাঝসমুদ্রে ওই দোল দোল দুলুনির মধ্যে এক নৌকা থেকে আর এক নৌকায় ওঠা হবে কি ভাবে? সবার মাথাতেই ওই এক-ই প্রশ্ন কিন্তু কেউ-ই কিছু বলছে না। কোনো মতে হোটেল পৌঁছতে পারলে তখন বাঁচি আমরা। প্রথম দিকে বাচ্চারা গল্প গুজব করে, জোজ্ঞ বলে, গান গেয়ে situation টা কে হাল্কা করার যথা সাধ্য চেষ্টা করছিল কিন্তু দিনের আলোর মতন-ই তাদের এই চেষ্টাও ধীরে ধীরে ম্লান হয়ে আসতে থাকে। ছোট বেলায় তো কত দোলনায় দোল খেতে ভালো লাগত, এখন কিন্তু এই নৌকার দুলুনি মোটেও ভালো লাগছিল না। যাই হোক আমাদের আর বেশিক্ষণ অপেক্ষা করতে হয়নি, শিল্লিরি-ই নতুন নৌকা এসে পড়লো, আর সেই নতুন মাঝির হাসিমুখ দেখে বেশ একটা নতুন বল পাওয়া গেলো। দুই বন্ধু মিলে অতি তৎপরতা সহ দুটি নৌকাকে পাশাপাশি নিয়ে এলো। তাল পাতার সেপাই-এর গায়ে যে প্রচুর শক্তি সেটা তখন টের পেলাম, আর তার ক্ষমতায় সন্দেহ করার জন্য মনে মনে লজ্জিত-ও

হলাম। সে পুরো দমে দু হাত দিয়ে অন্য নৌকার দড়ি ধরে টেনে রাখলো আর আমরা বন্ধু মাঝির হাত ধরে একে একে এই নৌকা থেকে ওই নৌকায় পা দিয়ে সবাই একটি স্বস্তির নিশ্বাস ফেললাম। Real life adventure এর প্রথম পর্ব শেষ করে আমরা দ্বিতীয় পর্বে পা রাখলাম।

এর পর শুরু হল দুই নৌকাকে কে বাঁধার উপক্রম। বিশাল মোটা একখানা রসি দিয়ে দুই বন্ধু মিলে নিমেষে বেঁধে ফেলল দুই নৌকা একের পিছনে একটা। শেষমেষ শুরু হল আমাদের হোটেল ফেরার পর্ব। সে এক মজার দৃশ্য, শহরে রাস্তায় গাড়ি tow করে নিয়ে যেতে দেখেছি, সমুদ্রের জলে রসি বেঁধে নৌকা tow করতে দেখার এই প্রথম অভিজ্ঞতা।

সবাই নিশ্চিত্ত এবার, তবে ক্ষিদে তে তখন পেট চুই চুই করছে আর কতক্ষণে হোটেল পৌঁছে কিছু ভালো মন্দ খাওয়া যায় সেই চিন্তা প্রত্যেকের মাথায় ঘুরছে। এমন সময় হঠাৎ একটা জোর ঝটকা লাগলো, আর আমরা একটু জোরে নড়েচড়ে উঠলাম। আবার এ কি নতুন সমস্যা রে বাবা? ও মা, পিছনে তাকিয়ে দেখি যে সেই মোটা রসি, যেটা দিয়ে নৌকা দুটিকে বাঁধা হয়েছিল, সেটা পৌঁ করে সামনের নৌকার propeller -এর মধ্যে জড়িয়ে গেলো। আবার মোটর থামান হলো। আমাদের তাল পাতার সেপাই, নাঃ তাকে আর ওই নামে তো ডাকা চলে না, মাঝিবাবু লম্ফ দিয়ে নৌকার সামনে এসে দড়ি ধরে সযত্নে আর ধৈর্যের সাথে ঘুরিয়ে ঘুরিয়ে, পাথার চঙ্গুল থেকে দড়িটি আন্তে আন্তে খুলে নিলো। ওই মোটা দড়ি শুধু মাত্র হাত দিয়ে খুলতে প্রায় এক দৈত্যের মতন পরাক্রমের দরকার আর আমাদের বন্ধু কিন্তু কাজটি বেশ দক্ষতার সাথে সেরে ফেলল। আবার হাঁফ ছেড়ে বাঁচলাম আমরা। অবশেষে ফেরত যাত্রা আবার শুরু হল এবং নতুন কোন বিপদের সম্মুখীন না হয়ে আমরা আও নাঃ পৌঁছলাম। এর-ই সাথে real life adventure পর্ব দুই-ও শেষ হল। ক্রাবী ভ্রমণ চিরকালের মতন স্মরণীয় হয়ে থাকল। যখন ভ্রমণ সূচি বানানো হয়েছিলো, কেউ কি জানতাম যে অন্য adventure activities -এর সাথে সাথে invisible কালী দিয়ে এই অপ্রত্যাশিত অভিযান-এর কথা লেখা হচ্ছিল? হোটেল পৌঁছে একটিই কথা মনে হলো, “সব ভালো যার শেষ ভালো”।



With Best Compliments
from
Mrs and Mr. Rajesh Bhimsaria



Hucheng International Shipping Agency Group Hucheng Offshore Engineering Co. Ltd

Email: agencysh@hcisa.com; agencyjy@hcisa.com; agencyqd@hcisa.com
agencyyz@hcisa.com; agencyzs@hcisa.com; agencynb@hcisa.com;
Tel: +0086-021-65688711 (SHANGHAI); +0086-0510-86853013 (JIANGYIN);
+0086-0580-2382989 (ZHOUZHAN)
Add (Headquarter): Room 813-814, No. 1398, Pingliang Rd, Yangpu district, Shanghai, China

SUCCESSFUL CASES AS FOLLOWS:



A. Towing unpowered LNG tank Koto from CJK to Jiangyin in 2012.
(LOA 281M Breadth 44.2M)



B. Port agency service for MV Boka Vanguard docking in Shanghai from CJK in 2020.
(The world's largest semi-submersible vessel)



C. Towing project for floating dock Heshan from Jinjiang to Zhoushan in 2022.
(The second largest dock in the Yangtze River)

Hucheng International Shipping Agency Group

is a comprehensive shipping agency specialized in ships docking, spares clearance, crew change, ship's store and provision supply, bonded warehouse, etc.

Hucheng Offshore Engineering Co. Ltd

